



তারিখ: ১৮ জুলাই, ২০২১

স্মারক নং: রিহাব/প্রঃডেভে:০০৭/সকল সদস্য/২০২১/৭/ ২০৬-২৪৪

বরাবর

সম্মানিত সকল সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

বিষয়: মহানগরীর ভবন নির্মাণে প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা নিধনে করণীয় প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করণ।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা সিটি কর্পোরেশনের সতর্কতা নির্দেশ হিসেবে, ভবন নির্মাণ প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশার বংশ বিস্তার রোধে করণীয় বিষয়গুলো হচ্ছে:

১. কনস্ট্রাকশন সাইটের চারিপার্শ্ব পরিষ্কার-পরিছন্ন রাখতে হবে।
২. প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানি প্রতি ৩ (তিন) দিন পরপর ফেলে দিতে হবে বা পরিবর্তন করতে হবে।
৩. জমে থাকা পানি ফেলে দেওয়া সম্ভব না হলে, তাতে “০.১২পি নোভালিউরন” ট্যাবলেট ব্যবহার করতে পারেন। এই ট্যাবলেট সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করণ :

https://www.rehab-bd.org/mis/attachment/upload/260_dynamic_notice_0.pdf

সিটি কর্পোরেশনের বিজ্ঞপ্তি ও রিহাবের দিক নির্দেশনা অনুসারে সকল রিহাব সদস্য প্রতিষ্ঠানকে নতুন ভবন নির্মাণ ও পরিকল্পনার ক্ষেত্রে এডিস মসক নিধনে আবশ্যিক ভাবে করণীয় সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে-

আলমগীর শামসুল আলামিন (কাজল)

প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : National Plaza (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargoan Road, Dhaka-1205, Tel : 88-02-9662482 9677877, 9663458, 9669897, 9662114, Fax : 88-02-9614606, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : VIP Tower (2nd Floor), 125 Chatteweshary Road, Kazir Dewri, Chattogram, Bangladesh.
Tel : 031-2853522, 2868829, Fax : 031-2853622, E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com

মস্কুইটন

মশার লার্ভা দমনের জন্য নোভালিউরন সমৃদ্ধ একটি নিয়ন্ত্রিত ফরমুলেশন

মস্কুইটন

০.১২পি নোভালিউরন ইনসেক্টিসাইড

মশার লার্ভা দমনের জন্য নোভালিউরন সমৃদ্ধ একটি নিয়ন্ত্রিত ফরমুলেশন

প্রোডাক্টের বৈশিষ্ট্যসমূহ:

মশার লার্ভা দমনের জন্য **মস্কুইটন ০.১২পি** নোভালিউরন একটি অনন্য, যুগান্তকারী আবিষ্কার

মস্কুইটন ০.১২পি নোভালিউরন জলজ পরিবেশে মশার অপরিণত জীবন চক্রের উন্নয়নে বাঁধার মাধ্যমে (ছোট জলজ পরিবেশে পূর্ণাঙ্গ মশায় রূপান্তরে বাঁধার মাধ্যমে) একটি কার্যকরী উপায় সরবরাহ করে

মস্কুইটন ০.১২পি নোভালিউরন ইনসেক্টিসাইড মশার মোল্টিং ধাপে বাঁধা প্রদানের মাধ্যমে শুধুমাত্র অপরিণত ধাপে প্রভাব ফেলে। ফলে, পূর্ণাঙ্গ পরিণত ধাপের পেস্ট ও উপকারি পোকামাকড়ের উপর কোন প্রভাব ফেলে না।

নিয়ন্ত্রিতভাবে অবমুক্তকরণ (রিলিজ)

মস্কুইটনের এই পেটেন্টেড ফরমুলেশনটি তৈরি করা হয়েছে যাতে সক্রিয় উপাদান, নোভালিউরন, এর নিয়ন্ত্রিতভাবে অবমুক্ত (রিলিজ) করা যায়। এই লার্ভিসাইডটি অত্যন্ত ধীরস্থির হার ও গতিতে অবমুক্ত হয় যাতে জলজ পরিবেশে মশার দমন প্রক্রিয়া দীর্ঘায়িত হয়।

লার্ভাল সল্যুশন:

মশার জলজ পরিবেশের উন্নয়নে বাঁধা প্রদানের মাধ্যমে মস্কুইটন পূর্ণাঙ্গ মশাকে নিয়ন্ত্রন করে। নাতিশীতোষ্ণ অঞ্চলে এই ফরমুলেশনটি প্রতি মৌসুমে একবার প্রয়োগে ৬ মাস পর্যন্ত কার্যকরী থাকে। তবে, গ্রীষ্মমণ্ডলীয় ও প্রায় গ্রীষ্মমণ্ডলীয় এলাকায় সারা বছরে ২-৩ বার প্রয়োগে মশা কার্যকরীভাবে দমন করা যেতে পারে।

প্রয়োগ ক্ষেত্রঃ

মস্কুইটন ০.১২পি নোভালিউরন ইনসেক্টিসাইড শুধুমাত্র জলাশয়ে প্রয়োগ করা যায় যাহা সরাসরি নালাসহ সংযুক্ত নয়।

স্থায়ী বা অস্থায়ী ক্ষেত্র যাহা মশার লার্ভা উন্নয়নে সাহায্য করেঃ

চাষাবাদ অযোগ্য কৃষি ও অকৃষিজাত অখাদ্য অঞ্চল, নালা-নর্দমার জায়গা, সেচ ও ড্রেজিংকৃত জায়গা, ডেইরি ও পোল্ট্রির নালা বা জলাশয়, অন্যান্য পশুর বর্জ্যজাত নালা বা জলাশয়, পশুপালনের নালা বা জলাশয়, কারখানার বর্জ্যজাত নালা বা জলাশয়, পরিত্যক্ত পুকুর বা জলাশয়, কাঠের স্তূপকৃত জায়গা, নিষ্কাশনের নালা-নর্দমা, গাছের গুড়ি বা গর্ত, পাখির গোসলের জায়গা, কারখানার পরিত্যক্ত জলাশয় বা নালা, বৃষ্টির জমে থাকা পানি, জমে থাকা ছাদের পানি, পরিত্যক্ত সুইমিংপুল, জলাশয়, পরিত্যক্ত যানবাহন, পানি জমে থাকার জায়গা (যেমন, টায়ার, টবের পাত্র, ক্যান, ও অন্যান্য কন্টেইনার), বহনযোগ্য পানির পাত্র বা কন্টেইনার এবং অন্যান্য প্রাকৃতিক এবং মনুষ্যসৃষ্ট জলাধারের জায়গা।

কেন মস্কুইটন?

- দীর্ঘস্থায়ী, ধীর প্রক্রিয়ায় অবমুক্ত (রিলিজ) হওয়ার ফর্মুলেশন (WHO সুপারিশকৃত)
- ১ গ্রাম ট্যাবলেট দিয়ে ১০ লিটার পানির উৎসে প্রয়োগ করা যায়
- সকল ধরনের মশার লার্ভা যেমন **ডেঙ্গু, চিকনগুনিয়া, ম্যালেরিয়া** ইত্যাদি নিয়ন্ত্রনে ব্যবহারযোগ্য
- শুনকো অবস্থায় রাখা যায়
- অন্যান্য লার্ভিসাইড যেমন ব্যাসিলাস থুরিঞ্জিয়াসিস (*Bacillus thuringiensis israelensis*, *bt*) এর মত অকার্যকর নয়
- জমে থাকা পানির উৎসের জন্য একটি আদর্শ পণ্য। যেমন, ফুলের টব, পানির ট্যাঙ্ক, গাছের গর্ত, টায়ার, সরু নালা-নর্দমা, কন্সট্রাকশন ট্যাঙ্ক, ছাদের ট্যাঙ্ক ও জলাশয় ইত্যাদি।
- ১৮০ দিন পর্যন্ত কার্যকারিতা

রেজিস্ট্রেশন নং- **পিএইচপি ১০৭১**, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,

রেজিস্ট্রেশন হোল্ডারঃ **রুসল আইপিএম (বাংলাদেশ) লিঃ**, বাসা ৫৬ (৭ম তলা), দারুস সালাম রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬, বাংলাদেশ, ই-মেইলঃ info@russellipmbd.com, www.russellipmbd.com ,

প্রয়োগমাত্রা ও ব্যবহারঃ

মস্কুইটন ০.১২পি নোভালিউরন ইনসেক্টিসাইড সরকারীভাবে মশা নিয়ন্ত্রণ কর্মসূচীতে (দক্ষ ও পেশাদার পেস্ট কন্ট্রোল অপারেটর, বাড়ির মালিকদের বা অন্যান্য মশা মাছি কন্ট্রোল অপারেটরদের দ্বারা) ব্যবহার করা যেতে পারে।

মস্কুইটন ০.১২পি এর প্রয়োগ মাত্রা

পানির পরিমাণ (লিটার)	পিলেটের সংখ্যা (কম জৈবপদার্থ সমৃদ্ধ)	পিলেটের সংখ্যা (উচ্চ জৈবপদার্থ সমৃদ্ধ)	প্রয়োগ মাত্রা (গ্রাম)*
১০ বা কম	১	২	১-২
৫০	৫	১০	৫-১০
২৫০	২৫	৫০	২৫-৫০
৫০০	১০০	২০০	১০০-২০০
১২৫০	২৫০	৫০০	২৫০-৫০০

*প্রতিটি পিলেটের ওজন ১ গ্রাম (০.১২ পিপিএম)

যখন ছোট আকারের মশার প্রজনন অঞ্চল যেমন কন্টেইনারে মস্কুইটন প্রয়োগ করা হয়, তখন লার্ভার বিকাশ বা বৃদ্ধি ৪-৬ মাস পর্যন্ত স্থায়ীভাবে বাঁধাপ্রাপ্ত হয়। পরবর্তীতে লার্ভা দেখা যেতে পারে তবে তারা পূর্ণাঙ্গ হতে পারে না। একবার প্রয়োগে একটি মৌসুম ভালোভাবে নিয়ন্ত্রণ করা যায়। মাত্রাধিক প্রয়োগ করবেন না।

পরিবেশক ও বাজারজাতকারকঃ

টিএকে ইন্টারন্যাশনাল

বাসা# ২০, রোড ৯৯, গুলশান -২, ঢাকা -১২১২, বাংলাদেশ

ই-মেইলঃ takcorporation20@gmail.com

ফোনঃ +৮৮-০২৮৮৩৭২৩০, ৮৮৩৭২৩১

প্রস্তুতকারকঃ

রুসল আইপিএম লিঃ, ইউকে

ইউনিট ৪৫, ফার্স্ট এভিনিউ, ডীসাইড ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ডীসাইড, ফ্লিন্টসায়ার, যুক্তরাজ্য,

ই-মেইলঃ info@russellipm.com,

www.russellipm.com